



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ৩০.০৯.২০২৪

প্রেস রিলিজ

পাবিপ্রবিতে শিক্ষকদের জন্য প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ সোমবার (৩০ সেপ্টেম্বর) ব্যবসায় প্রশাসন বিভাগের শিক্ষকদের জন্য 'আউটকাম বেজড এডুকেশন কারিকুলাম ডেভেলপমেন্ট' বিষয়ে এক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল আওয়াল।

কর্মশালায় রিসোর্স পারসন ছিলেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের হিসাববিজ্ঞান ও তথ্য পদ্ধতি বিভাগের অধ্যাপক ড. মো. জাকির হোসেন।

কর্মশালায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর পরিচালক অধ্যাপক ড. মো. শামীম রেজা। সার্বিক তত্ত্বাবধানে ছিলেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. নূর আলম এবং ড. মো. আসফাকুর রহমান।

উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল আওয়াল বলেন, আমাদের সীমিত সম্পদের মধ্যেও ভালো কাজ করতে হবে। প্রথমে সমস্যাগুলো চিহ্নিত করা এবং পরে তা বাস্তবায়ন করতে হবে। সৎ এবং স্মার্টলি কাজ করে নতুন বাংলাদেশের স্বপ্ন বাস্তবায়ন করতে হবে। আমাদের উদ্যোগে তৈরির জন্য রিসার্চ সেল বা ইনস্টিটিউট করা যেতে পারে, যেখানে প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে।

ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল-এর উদ্যোগে ব্যবসায় প্রশাসন বিভাগের সকল শিক্ষক প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। সকাল সাড়ে ১১টায় শুরু হয়ে দুপুর ২টায় কর্মশালা শেষ হয়। কর্মশালাটি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার ভবনের ভার্চুয়াল শ্রেণিকক্ষে অনুষ্ঠিত হয়।

বার্তা প্রেরক

মো. বাবুল হোসেন

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১৯১৩৩৭৬৯২৫